গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
www.rhdc.gov.bd, Email: cht.rhdc@yahoo.com

স্মারক নং-৪৬.০৩.৮৪০০.০৬১.০৯৯.২৫- ৯৩৫ তারিখ: ১৪ /০৭/২০২৫খ্রি.

## "পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি"

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাধীন ১৬-২০ তম গ্রেডের ০৬ ক্যাটাগরির ২৬ (ছাব্বিশ) টি শূন্যপদ পূরণের জন্য জনবল নিয়োগের লক্ষ্যে রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও বর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | আবেদন দাখিলের জন্য শেষ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৪(চার) টি | ৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬ | ১৮-৩২ বৎসর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অনুন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং<br>গ) কম্পিউটারে Word processing, Data Entry and Typing এর গতি প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজীতে সর্বনিম্ন ২০ শব্দ হতে হবে। |
| ০২। | পাম্প চালক | ০২(দুই) টি | ৯০০০-২১৮০০ গ্রেড-১৭ | ১৮-৩২ বৎসর | ক) এস,এস,সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) সংশ্লিষ্ট কাজে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ০৩। | মেকানিক | ১০ (দশ) টি | ৯০০০-২১৮০০ গ্রেড-১৭ | ১৮-৩২ বৎসর | ক) এস,এস,সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) সংশ্লিষ্ট কাজে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ০৪। | অফিস সহায়ক | ০৭ (সাত) টি | ৮২৫০-২০০১০ গ্রেড-২০ | ১৮-৩২ বৎসর | ৮ম শ্রেণী পাশ/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫। | সহকারী পাম্প চালক | ০১(এক) টি | ৮২৫০-২০০১০ গ্রেড-২০ | ১৮-৩২ বৎসর | ক) ৮ম শ্রেণী পাশ/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) সংশ্লিষ্ট কাজে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ০৬। | লাইনম্যান | ০২(দুই) টি | ৮২৫০-২০০১০ গ্রেড-২০ | ১৮-৩২ বৎসর | ক) ৮ম শ্রেণী পাশ/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) সংশ্লিষ্ট কাজে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। |

শর্তাবলী:

১। আবেদনকারীকে মাননীয় চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদকে সম্বোধন করে 'নমুনা ছক' মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত ছকে আবেদনপত্র, বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে আগামী ২১/০৮/২০২৫খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালীন রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি কার্যালয়ে সরাসরি/ ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি কিংবা ডাকযোগে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। **এ সকল পদের জন্য ইত:পূর্বে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি নং-৪৬.০৩.৮৪০০.০৬১.০৯৯.২৪-১২২৫, তারিখ: ২১/০৪/২০২৪খ্রিঃ এর আওতায় যারা বিভিন্ন পদে আবেদন দাখিল করেছেন তাদের মধ্যে যাদের আবেদন অযোগ্য বিবেচিত হয় নাই তাদের এ বিজ্ঞপ্তির আওতায় নতুন করে আবেদন দাখিল করার প্রয়োজন নাই। তবে উক্ত বিজ্ঞপ্তির আওতায় অযোগ্য বিবেচিত প্রার্থীগণ এ বিজ্ঞপ্তির শর্তাদি পূরণসাপেক্ষে নতুনভাবে আবেদন করতে পারবেন। সংশ্লিষ্ট আবেদনকারীদের জানার সুবিধার্থে পূর্বের বিজ্ঞপ্তির আওতায় অযোগ্য বিবেচিত হওয়া প্রার্থীদের নামের তালিকা রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইটে (www.rhdc.gov.bd) তে প্রকাশ করা হবে।**

৩। আবেদন ফরম ও প্রবেশ পত্রের নমুনা কপি, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীল মোহর থাকতে হবে) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

ক) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। ০৩ কপি ছবির ১ (এক) কপি প্রবেশ পত্রের সাথে আঠা দিয়ে লাগাতে হবে এবং বাকী ০২ (দুই) কপি ছবি অফিসে ব্যবহারের জন্য আবেদন ফর্মের সাথে ক্লিপ/ স্টাপলার পিন দিয়ে সংযুক্ত করে দাখিল করতে হবে।

খ) বোর্ড/ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার সকল মূল/ সাময়িক সনদ ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌর মেয়র/পৌর প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ সংযুক্ত করতে হবে।

ঘ) রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ।

ঙ) প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তার প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূলকপি)

চ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ।

ছ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

জ) নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ নির্ধারিত মতে প্রযোজ্য কোন কোটা (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, শারীরিক প্রতিবন্ধি ও তৃতীয় লিঙ্গ) দাবী করা হলে তার সপক্ষে যথাযথ উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

ঝ) আবেদনপত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রাদি ফেরত প্রদান করা হবে না।

ঞ) আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-০১ পদের প্রার্থীদের ক্ষেত্রে ৪০০/-(চারশত) টাকা এবং ক্রমিক নং-০২ হতে ০৬ নং পর্যন্ত পদের প্রার্থীদের ক্ষেত্রে ৩০০/-(তিনশত) টাকা মাননীয় চেয়ারম্যান রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি এর নামীয় সোনালী ব্যাংক পিএলিসি, নিউ কোর্ট বিল্ডিং শাখা, রাঙ্গামাটি চলতি হিসাব নং-**৫৪১৯২৪০০০০৪৭২** তে জমা দিয়ে জমা স্লিপের মূল কপি সংযুক্ত করতে হবে। তবে যারা ইতোপূর্বে আবেদন করেছেন এবং সংশ্লিষ্ট আবেদন অযোগ্য হওয়ার কারণে পুনরায় আবেদন করার ক্ষেত্রে তাদের পূর্বের দেওয়া জমা স্লিপের ফটোকপি সংযুক্ত করতে পারবেন।

৫। চাকরিরত প্রার্থীদের আবেদন প্রয়োজনীয় কাগজপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৭। আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি অসত্য/ ভুয়া বলে প্রমাণিত হলে কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পযায়ে আবেদন/ নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৮। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র কর্তৃপক্ষের বিবেচনায় যোগ্য প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

৯। প্রবেশপত্রের মাধ্যমে লিখিত পরীক্ষার, নোটিশ বোর্ড ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট (www.rhdc.gov.bd) এর মাধ্যমে মৌখিক পরীক্ষায় স্থান, তারিখ সময় জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্র/ কাগজপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থীত পদে নিয়োগ প্রদানে বাধ্য থাকবেন না।

১১। কোটা সম্পর্কিত সরকারী সর্বশেষ জারিকৃত বিধি বিধান, পার্বত্য এলাকার ক্ষেত্রে প্রযোজ্য বিধি বিধান/ নীতিমালা ইত্যাদি অনুসরণ করা হবে।

১২। প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/ বাতিল/ প্রত্যাহার/ নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্যপদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগে লাল কালিতে আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা লিখতে হবে। এছাড়া কোন কোটা দাবী করা হলে তা-ও খামের ডান পার্শ্বে উপরিভাগে উল্লেখ করতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

28/9/20

কৃষিবিদ কাজল তালুকদার
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
ও
সভাপতি, নিয়োগ কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
www.rhdc.gov.bd, Email: cht.rhdc@yahoo.com

স্মারক নং-৪৬.০৩.৮৪০০.০৬১.০৯৯.২৫- ৭৬৫ (৩৪)

তারিখ: ২৪/০৭/২০২৫খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, কাকরাইল, ঢাকা।
৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বত্য চট্টগ্রাম সার্কেল, চট্টগ্রাম।
৭। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা, রাঙ্গামাটি।
৮। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা, রাঙ্গামাটি।
৯। জনাব/ মিসেস ........................................................................., সদস্য, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
১০। নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
১১। জেলা একাউন্স এন্ড ফিন্যান্স কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা, রাঙ্গামাটি।
১২। চেয়ারম্যান .................................... উপজেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা, রাঙ্গামাটি।
১৩। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
১৪। পিএটু চেয়ারম্যান, রাঙ্গামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১৫। সংশ্লিষ্ট কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি। তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো।
১৬। সম্পাদক, দৈনিক প্রথম আলো/সম্পাদক, দৈনিক গিরিদর্পন। উপযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় আগামী ২৭/০৭/২০২৫খ্রি. তারিখে স্বল্পপরিসরে একদিন প্রকাশপূর্বক পত্রিকার ০২ (দুই) কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৭। নোটিশ বোর্ড, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
১৮। অফিস কপি।

২৪/০৭/২০২৫
(প্রকৌঃ পরাগ বড়ুয়া)
নির্বাহী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
রাঙ্গামাটি বিভাগ, রাঙ্গামাটি
ও
সদস্য-সচিব
নিয়োগ ও বাছাই কমিটি।